



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন  
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।  
বার্ষিক কর্ম-সম্পাদনা, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫৫.৫৬.০০২.২৩.১৩৫

২৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য বাতায়ন হালনাগাদ নিশ্চিতকরণের লক্ষ্যে ২য় কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৫.১ নং কার্যক্রমের ৫.১.২ কর্ম-সম্পাদন সূচক বাস্তবায়নের লক্ষ্যে কমিশনের আওতাধীন ৪৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ নিশ্চিতকরণের লক্ষ্যে দিনব্যাপী এক কর্মশালা আগামী ২৮ নভেম্বর, ২০২৩ তারিখ মঙ্গলবার, সকালঃ ১০:০০ ঘটিকায় কমিশনের অডিটোরিয়ামে (৬ষ্ঠ তলা) আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে কমিশনের মাননীয় সদস্য প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

বর্ণিতাবস্থায়, উক্ত কর্মশালায় আপনার বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং ওয়েবসাইট হালনাগাদকারী কর্মকর্তা-কে (মোট দুই জন) স্ব-স্ব প্রতিষ্ঠান তথ্য বাতায়ন হালনাগাদকরণের ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের পিডিএফ কপিসহ উপস্থিত থাকার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, অংশগ্রহণকারীগণ নিয়মানুযায়ী স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে টিএ/ডিএ প্রাপ্য হবেন।

১৪-১১-২০২৩

দ্বিজেন্দ্র চন্দ্র দাস

সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ও

ইনোভেশন ফোকাল পয়েন্ট, ই-মেইল:

jony@ugc.gov.bd, মোবাইল নম্বর:

০১৭১৪-৯১১৩৫৩

বিতরণঃ রেজিস্ট্রার ( সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)।

দৃষ্টি আকর্ষণ:

ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫৫.৫৬.০০২.২৩.১৩৫/১ (১১)

২৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন, সদস্য, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার অনুরোধ সহ);
- ২। ড. ফেরদৌস জামান, সচিব, সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার অনুরোধ সহ);
- ৩। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (উল্লেখিত কর্মশালায় স্মার্ট বোর্ড এবং সাউন্ড সিস্টেম সংক্রান্ত বিষয়ে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ জানানো হলো);
- ৪। পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ( কর্মশালার স্থির চিত্র ধারণ এবং প্রেস রিলিজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো );

৫। ড. মোঃ ফখরুল ইসলাম, পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত থাকার অনুরোধ সহ);

৬। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৭। ইনোভেশন কমিটির সদস্যবৃন্দ ( অনুষ্ঠানের দিন যথা সময়ে কমিটির সকল সম্মানীত সদস্যগণকে উপস্থিত থাকার অনুরোধ জানানো হলো);

৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (পত্রটি ওয়েবসাইটে আপলোড এবং অনুষ্ঠানে উপস্থিত থাকার অনুরোধ সহ);

৯। সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

১০। নিরাপত্তা কর্মকর্তা, প্রশাসন শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (উক্ত তারিখে অডিটোরিয়াম বরাদ্দ এবং প্রস্তুত রাখার অনুরোধ করা হলো) এবং

১১। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।



১৪-১১-২০২৩

দ্বিজেন্দ্র চন্দ্র দাস

সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ও  
ফোকাল পয়েন্ট, ইনোভেশন কমিটি